

বাংলাদেশ তঁত বোর্ড

বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.bhb.gov.bd

নং-২৪.০৫.০০০০.৫৩৩.২৬.০২৩.১৬- ৩৮


তারিখঃ ০১/০৩/২০১৮খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ বাংলাদেশ তঁত বোর্ডের মাঠ পর্যায়ের বেসিক সেন্টার ও প্রশিক্ষণ কেন্দ্রের ভবনসমূহের ছাদ নিয়মিত পরিষ্কারকরণ, অফিস চত্বর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং সকল স্থাপনা স্থানীয়ভাবে নিয়মিত রক্ষণাবেক্ষণ করা।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ তঁত বোর্ডের মাঠ পর্যায়ের সকল বেসিক সেন্টার, এসএফসি/টিএফসি/সিপিএসি এবং প্রশিক্ষণ কেন্দ্রের ভবনসমূহের স্থায়িত্ব বৃদ্ধি, বোর্ডের সম্পদের সর্বোত্তম ব্যবহার, স্বাস্থ্যসম্মত ও উন্নত কর্মপরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১। সকল অফিস ভবন, একাডেমিক ভবন, ফ্যাক্টরী শেড আবাসিক ভবনের এবং অন্যান্য ভবনের ছাদ, সিঁড়িঘড়ের ছাদ, কার্নিশ ও সানসেডের উপরে জন্মানো আগাছা, গাছের পাতা ইত্যাদি নিয়মিতভাবে প্রতি সপ্তাহে পরিষ্কার করাতে হবে।
- ২। সকল ভবনের ছাদ হতে বৃষ্টির পানি নিষ্কাশন পথটি সর্বদা পরিষ্কার ও কার্যকর রাখতে হবে এবং সারফেস ড্রেনটিতে গাছের পাতা, বালি, মাটি ইত্যাদি জমতে দেয়া যাবে না।
- ৩। অফিস চত্বরে জন্মানো ঘাস, আগাছা ইত্যাদি নিয়মিতভাবে কাটাতে হবে এবং অফিস চত্বরে কোন ময়লা আবর্জনা স্তুপ করে রাখা যাবে না।
- ৪। সকল ভবনের টয়লেট, বাথরুম ইত্যাদি সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং ভবনের অভ্যন্তরে মাকড়সা, উইপোকা ইত্যাদির আবাসস্থল রাখা যাবে না।
- ৬। ভবনসমূহ ব্যবহারজনিত কারণে স্যানিটারি, প্লাস্টিং, বৈদ্যুতিক, দরজা, জানালা, গ্রীল ইত্যাদিতে ছোটখাট কোন ত্রুটি দেখা দিলে স্থানীয়ভাবে মেরামতের লক্ষ্যে স্থানীয় মিস্ট্রী/প্লাম্বার দ্বারা খরচের প্রাক্কলন তৈরী করে এবং বাজারদর যাচাইপূর্বক প্রয়োজনীয় অর্থের চাহিদা নিয়ন্ত্রণকারী বিভাগে প্রেরণ করতে হবে। নিয়ন্ত্রণকারী বিভাগ প্রকৌশল শাখার সুপারিশ এবং অর্থ ও হিসাব বিভাগ হতে অর্থ সংকুলানের মতামত নিয়ে কাজটি স্থানীয়ভাবে করার অনুমতি প্রদান করবেন। তবে এসএফসি/টিএফসি/সিপিএসি এর ক্ষেত্রে মেরামত ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে বহন করবে।



মোঃ রফিকুল ইসলাম
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ তঁত বোর্ড, ঢাকা।

বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ০১। অধ্যক্ষ, বাংলাদেশ তঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী।
- ০২। এজিএম, সিপিএসি, মাধবদী, নরসিংদী/এসএফসি কুমারখালী, কুষ্টিয়া/টিএফসি, শাহজাদপুর, সিরাজগঞ্জ/ শোভারামপুর, কুমিল্লা/ বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৩। লিয়াজো অফিসার, বেসিক সেন্টার.....(সকল)।
- ০৪। প্রশিক্ষক, রংপুর/সিলেট/বেড়া প্রশিক্ষণ কেন্দ্র,.....।

অনুলিপিঃ অবগতির জন্য

- ০১। সদস্য(এসএন্ডএম)/ সদস্য(ওএন্ডএম)/সদস্য(অর্থ)/সদস্য(পরিঃ ও বাস্তঃ), বাতাঁবো, ঢাকা।
- ০২। নির্বাহী প্রকৌশলী, বাতাঁবো, ঢাকা।
- ০৩। সহকারী প্রধান (এমই) ও আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাতাঁবো, ঢাকা (বাতাঁবো ওয়েবসাইটে প্রকাশের জন্য)।